



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়, ঢাকা-১০০০  
বাংলাদেশ।

ইন্টিগ্রেটেড সুপারভিশন ম্যানেজমেন্ট সেল

আইএসএমসি সার্কুলার লেটার নং-১

তারিখঃ মাঘ ০৭, ১৪২২  
জানুয়ারী ২০, ২০১৬

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়

ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেমে তথ্য প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ডিবিআই-২ সার্কুলার নং-১ তারিখ ২৪ ফেব্রুয়ারী, ২০১৪; আইএসএমসি সার্কুলার লেটার নং-১ তারিখ ২৫ ফেব্রুয়ারী ২০১৫; অত্র সেলের পত্র নং আইএসএমসেল/০২/২০১৫-১৮৭ তারিখ ২৮ মে, ২০১৫ এবং আইএসএমসেল/০২/২০১৫-৭৫০ তারিখ ০৬ অক্টোবর, ২০১৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বাংলাদেশ ব্যাংকের ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেম কে অধিকতর কার্যকর করে তোলার লক্ষ্যে উক্ত সার্কুলারে সংযুক্ত আইএসএস ফরম-১ ও ২ এ কতিপয় তথ্য সংযোজন এবং বিদ্যমান তথ্যের ব্যাখ্যা আরো সহজবোধ্যকরতঃ তা নতুনভাবে প্রণয়ন করা হয়েছে। এ প্রেক্ষিতে জানুয়ারী, ২০১৬ হতে সংশোধিত আকারে প্রণয়নকৃত আইএসএস ফরম ১ ও ২ সঠিকভাবে পূরণপূর্বক সকল তফসিলি ব্যাংক এর প্রধান কার্যালয় ও শাখাসমূহকে বাংলাদেশ ব্যাংকের **Web Portal**-এ রিপোর্ট করতে হবে।

৩। এতদ্ব্যতীত, ইতোপূর্বে প্রদত্ত আইএসএস রিপোর্টিং সংক্রান্ত অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

সংযুক্তি : আইএসএস ফরম -১ প্রধান কার্যালয় এর জন্য প্রযোজ্য  
আইএসএস ফরম -২ সকল শাখার (এডি ও নন-এডি) জন্য প্রযোজ্য

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবুল কালাম আজাদ)  
উপ মহাব্যবস্থাপক  
ফোন : ৯৫৩০২৫৬